*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার*
*শিল্প মন্ত্রণালয়*
*প্রজ্ঞাপন*

*তারিখ: .......................... বঙ্গাব্দ/......................... খ্রিস্টাব্দ*

*এস, আর, ও নং--------- আইন/২০১৫।-* ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৪ নং আইন) এর ধারা ৪৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

*অধ্যায় ১*
*প্রারম্ভিক*

১। *শিরোনাম ও প্রবর্তন।-* (১) এই বিধিমালা ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। *সংজ্ঞা।-* (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ***"আইন"*** অর্থ ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৪ নং আইন);

(খ) "আবেদন" অর্থ ভৌগোলিক নির্দেশক পণ্য বা, ক্ষেত্রমত, অনুমোদিত ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের আবেদন;

(গ) ***"কনভেনশনভুক্ত রাষ্ট্র"*** অর্থ প্যারিস কনভেনশনভুক্ত কোন রাষ্ট্র;

(ঘ) ***"জার্নাল"*** অর্থ ভৌগোলিক নির্দেশক পণ্যের জার্নাল;

(ঙ) ***"জি আই ফরম"*** অর্থ তফসিল ২ এ উল্লিখিত কোন ফরম;

(চ) ***"জি আই (আর) ফরম"*** অর্থ তফসিল ৩ এ উল্লিখিত কোন ফরম;

(ছ) ***"তফসিল"*** অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত কোন তফসিল;

(জ) ***"ধারা"*** অর্থ আইনের কোন ধারা;

(ঝ) ***"নির্দিষ্ট ফি"*** অর্থ বিভিন্ন আবেদন বা সেবার বিপরীতে প্রদেয় তফসিল ১ এ উল্লিখিত কোন ফি;

(ঞ) ***"বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকা"*** অর্থ ভৌগোলিক নির্দেশক পণ্যের ব্যবসা পরিচালনা করিবার জন্য উক্ত পণ্যের ক্ষেত্রে,-

(অ) ব্যবসাটি বাংলাদেশের অভ্যন্তরে একটি মাত্র এলাকায় পরিচালিত হইলে, উক্ত এলাকা;

# শিল্প মন্ত্রণালয়
## বিএবি ও বয়লার অধিশাখা

বিষয়: শিল্প মন্ত্রণালয়ের অনুবিভাগ এবং অনুবিভাগ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার দাপ্তরিক কার্যাদি সম্পাদনে রেফারেন্স হিসেবে ব্যবহৃত আইন/নীতি/পরিপত্র প্রেরণ প্রসংগে।

সূত্র: ৩৬.০০.০০০০.০৪৬.১৮.০৩৮.১৭.৬৬৫, তারিখ: ২৭/০৭/২০২১

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিল্প মন্ত্রণালয়ের অনুবিভাগ এবং অনুবিভাগ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (বিএবি ও বয়লার) অধিশাখার দাপ্তরিক কার্যাদি সম্পাদনে যে সকল আইন/নীতি/পরিপত্র রেফারেন্স হিসেবে ব্যবহৃত হয়ে থাকে সে সকল আইন/নীতি/পরিপত্র রেফারেন্সসহ অনুবিভাগভিত্তিক স্পাইরাল বাইন্ডিং করে এতদসংগে প্রেরণ করা হলো। এছাড়া ডিপিডিটি অধিশাখা হতে প্রাপ্ত পণ্য(নিবন্ধক ও সুরক্ষা) আইন ২০১৩, পেটেন্টস এবং ডিজাইন আইন ১৯১১ এবং ট্রেডমার্ক আইন ২০০৯ সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে বিএবি, বয়লার এবং ডিপিডিটি'র আইন/নীতি/পরিপত্রের রেফারেন্স।

১২/৮/২০২১

(মো: রেজাউল করিম)
উপসচিব (বিএবি ও বয়লার)
ফোনঃ৯৫ ৮৫ ১৮৪

সচিবের একান্ত সচিব
শিল্প মন্ত্রণালয়
ঢাকা

অনুলিপি:

অতিরিক্ত সচিব (নীতি, আইন ও আন্তর্জাতিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

---

ইউ ও নোট নং-৩৬.০০.০০০০.১৩৭.১৮.০৩২.২১-68 তারিখঃ ১২.০৮.২০২১খ্রি:

U.O.NoTe

(আ) ব্যবসাটি বাংলাদেশের অভ্যন্তরে একাধিক এলাকায় পরিচালিত হইলে, উক্ত এলাকাসমূহ;

তবে, উভয়ক্ষেত্রে, উক্ত ব্যক্তি যে এলাকা বা যে সকল এলাকাকে বাণিজ্যের প্রধান এলাকা বলিয়া উল্লেখ করিবেন উক্ত এলাকা বা এলাকাসমূহ;

(ট) *"বিরোধিতা"* অর্থ ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের অথবা অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধনের বিষয়ে বিরোধিতা;

(ঠ) *"ব্যবসা"* অর্থ, ক্ষেত্রমত, ভৌগোলিক নির্দেশকের সহিত সম্পর্কিত কোন পণ্যের ক্রয়, বিক্রয়, আদান-প্রদান, উৎপাদন, আহরণ, তৈরিকরণ ও প্রস্তুতকরণ; এবং

(ড) ***"ভৌগোলিক নির্দেশক ইউনিট"*** অর্থ ধারা ৪-এ উল্লিখিত ভৌগোলিক নির্দেশক ইউনিট।

(২) যে সকল শব্দ বা অভিব্যক্তি এই বিধিমালায় ব্যবহৃত ইত্যাদি কিন্তু সংজ্ঞায়িত হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে সংজ্ঞায়িত অর্থে ব্যবহৃত হইবে।

## *অধ্যায় ২*

## *ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের পদ্ধতি*

*৩। নিবন্ধনের উদ্দেশ্যে ভৌগোলিক নির্দেশক পণ্যের শ্রেণিবিন্যাস।-* (১) এই বিধির অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, রেজিস্ট্রার নিবন্ধনের উদ্দেশ্যে ভৌগোলিক নির্দেশক পণ্যসমূহের শ্রেণিবিন্যাস করিতে পারিবে।

(২) শ্রেণিবিন্যাসকৃত পণ্যসমূহ কেবল পণ্যের আন্তর্জাতিক শ্রেণিসমূহের অন্তর্গত তালিকাভুক্ত সাধারণ পণ্যগুলোকে দ্রুত সনাক্তকরণের উপায় সম্পর্কে ধারনা প্রদান করিবে।

(৩) শ্রেণিবিন্যাসকৃত পণ্যসমূহ প্রতিটি শ্রেণির পণ্যের উপাদানসমূহের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে, তবে পণ্যের আন্তর্জাতিক শ্রেণিবিন্যাসের সহিত সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ হওয়া অত্যাবশ্যক নহে।

(৪) কোন নির্দিষ্ট পণ্যের শ্রেণি নির্ধারণকল্পে এবং আন্তর্জাতিকভাবে প্রকাশের লক্ষ্যে পণ্যসমূহকে বর্ণানুক্রমিকভাবে বিন্যাস করা যাইবে।

*৪। নিবন্ধনের আবেদন দাখিল।-* (১) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য আবেদনকারীকে আইন বা এই বিধিমালার বিধানাবলি অনুযায়ী জিআই ফরম ১ বা, ক্ষেত্রমত, জিআই ফরম ২ পূরণ করিয়া উহার তিন কপি রেজিস্টারের নিকট দাখিল করিতে হইবে।

(২) একটি শ্রেণিতে অন্তর্ভুক্ত কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের জন্য কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে যদি কোন আবেদন দাখিল করা হয় উহা জিআই ফরম ১ অনুযায়ী দাখিল করিতে হইবে।

(৩) বিভিন্ন শ্রেণির অন্তর্ভুক্ত পণ্যসমূহের ভৌগোলিক নির্দেশক নিবন্ধনের জন্য কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে যদি একটিমাত্র আবেদন দাখিল করা হয়, উহা জিআই ফরম ২ অনুযায়ী দাখিল করিতে হইবে।

(৪) বিভিন্ন শ্রেণির ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য যদি একটিমাত্র আবেদন দাখিল করা হয়, তাহা হইলে উক্ত আবেদন জিআই ফরম-২ এ দাখিল করিতে হইবে।

(৫) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ করিতে হইবে, যথা:-

(ক) আবেদনকৃত ভৌগোলিক নির্দেশক পণ্য, যথাসম্ভব, নির্ভুলভাবে সংজ্ঞায়িত করিতে হইবে, যাহাতে উহার স্বাতন্ত্র্য নির্ণয়ক্রমে ভৌগোলিক নির্দেশক পণ্য সংক্রান্ত অধিকার প্রাপ্তি নিশ্চিত করা যায়;

(খ) আবেদনের সহিত সংযুক্ত সচিত্র প্রতিবেদনটি অবশ্যই, কোন সহায়ক নমুনার আবশ্যকতা ব্যতীত, ভৌগোলিক নির্দেশক পণ্যকে প্রতিস্থাপন করিতে সক্ষম হইতে হইবে;

(গ) সচিত্র প্রতিবেদনটি এইরূপ যৌক্তিক বাস্তবসম্মত হইবে, যেন নিবন্ধনবহি পরীক্ষণে অথবা ভৌগোলিক নির্দেশক পণ্যের জার্নাল অধ্যয়নে আগ্রহী ব্যক্তিবর্গ উহার মাধ্যমে উক্ত ভৌগোলিক নির্দেশক পণ্যের নাম, পরিচয় ও বৈশিষ্ট্য সম্পর্কে সম্যক ধারণা লাভ করিতে সক্ষম হন;

(ঘ) ত্রিমাত্রিক ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদন কার্যকর হইবে না, যদি না উহা উক্তরূপ মাত্রার প্রভাব ধারণ করে; এবং

(ঙ) যেইক্ষেত্রে কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য দাখিলকৃত আবেদনে কোন রঙের সমাহারকে সংশ্লিষ্ট ভৌগোলিক নির্দেশক পণ্যের অন্যতম একটি উপাদান বলিয়া দাবি করা হয়, সেইক্ষেত্রে যতক্ষণ পর্যন্ত না আবেদনপত্রটিতে ভৌগোলিক নির্দেশক পণ্যের উক্তরূপ রঙের সমাহারকে সুনির্দিষ্টভাবে বর্ণনা করা হয় এবং তৎমর্মে কোন বিবৃতি প্রদান করা হয়, ততক্ষণ পর্যন্ত উক্ত আবেদনটি বিবেচিত হইবে না।

(৬) বিভাজনের আবেদনপত্র সংশোধনের জন্য জিআই ফরম ৭ এ দাখিল করিতে হইবে।

(৭) একটি ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য একটিমাত্র আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(৮) যদি ভৌগোলিক নির্দেশক পণ্যটি কোন রঙের সমাহার, ত্রিমাত্রিক ভৌগোলিক নির্দেশক দ্রব্যের গঠন বা মোড়কের ধারণাজ্ঞাপক নকশার সহিত সম্পর্কিত হয়, তাহা হইলে উহার অধিকার নির্ধারণের জন্য রেজিস্ট্রার উক্ত পণ্যের সুনির্দিষ্ট বর্ণনা দাখিলের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

*৫। কনভেনশনভুক্ত ব্যবস্থার অধীন আবেদন দাখিল।-* (১) যেইক্ষেত্রে আইনের ধারা ২০ অনুসারে কনভেনশনভুক্ত কোন রাষ্ট্রের একজন আবেদনকারী কর্তৃক কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের জন্য আবেদন দাখিল করা হয়, সেইক্ষেত্রে উক্তরূপ আবেদনের সহিত কনভেনশনভুক্ত রাষ্ট্রের ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত একটি সনদপত্র দাখিল করিতে হইবে এবং উক্ত সনদপত্রে ভৌগোলিক নির্দেশক পণ্যটির বিস্তারিত বিবরণসহ আবেদনটি দাখিলের তারিখ, রাষ্ট্রের নাম, কনভেনশনভুক্ত রাষ্ট্রে পণ্যটি প্রথম নিবন্ধনের তারিখ এবং রেজিস্ট্রার কর্তৃক চাহিত অন্যান্য বিষয়াদির বিবরণ অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) যেইক্ষেত্রে নিবন্ধনের আবেদন দাখিল করিবার সময় উক্তরূপ সনদপত্র উপস্থাপন করা না হয়, সেইক্ষেত্রে আবেদন দাখিল করিবার ২ (দুই) মাসের মধ্যে রেজিস্ট্রারের সন্তুষ্টি অনুযায়ী আবেদনটি দাখিল করিবার তারিখ, উহার রাষ্ট্রের নাম, ভৌগোলিক নির্দেশক পণ্যটির বিবরণ, আবেদনে উল্লিখিত শ্রেণি এবং পণ্য সংবলিত তথ্যাদি প্রত্যয়ন ও সত্যায়নপূর্বক পেশ করিতে হইবে।

(৩) আবেদনটি একই ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য এবং আবেদনের অধীন সকল অথবা আংশিক পণ্যের জন্য কনভেনশনভুক্ত রাষ্ট্রে আবেদনকারীর প্রথম আবেদন হইতে হইবে।

(৪) যেইক্ষেত্রে কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে এক বা একাধিক শ্রেণির ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য একটিমাত্র আবেদন দাখিল করা হয়, সেইক্ষেত্রে উক্ত আবেদন, ক্ষেত্রমত, জিআই ফরম ১ বা ফরম-২ এ দাখিল করিতে হইবে।

৬। ***আবেদনে ব্যবহারকারীর বিবৃতির উলেস্নখ।-*** (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অথবা পণ্যের ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের জন্য প্রত্যেক আবেদনে পণ্যটি কোন সময়কাল হইতে কাহার দ্বারা ব্যবহৃত হইতেছে তাহার একটি বিবরণী থাকিতে হইবে।

(২) ব্যবহৃত ভৌগোলিক নির্দেশক পণ্য, উক্তরূপ ভৌগোলিক নির্দেশক পণ্যের অধীন সর্বমোট বিক্রয়ের পরিমাণ, দেশটির সুনির্দিষ্ট ভূ-খণ্ড, ভৌগোলিক নির্দেশক পণ্যের সহিত সম্পর্কযুক্ত দেশটির স্থানীয় এলাকা এবং আবেদন দাখিলের পর রেজিস্ট্রারের বিবেচনায় পণ্যটির প্রকৃত ব্যবহারকারী প্রমাণ করিবার জন্য প্রয়োজনীয় অন্যান্য বিবরণ উপস্থাপনের মাধ্যমে একটি হলফনামাসহ আবেদনটি দাখিল করিতে হইবে।

৭। ***আবেদনে ভৌগোলিক নির্দেশক পণ্যের বিবরণী।-*** (১) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের লক্ষ্যে দাখিলকৃত প্রতিটি আবেদনে ভৌগোলিক নির্দেশক পণ্যের বিবরণী থাকিতে হইবে।

(২) প্রতিটি আবেদনের সহিত ভৌগোলিক নির্দেশক পণ্যের পাঁচটি নমুনা, এবং পণ্যের যথাযথ বিবরণ দাখিল করিতে হইবে, এবং আবেদনের অতিরিক্ত কপিতে উপস্থাপিত বিবরণী অনুরূপ বা সাদৃশ্যপূর্ণ হইতে হইবে।

(৩) যেইক্ষেত্রে কোন নিবন্ধনের আবেদনে এইরূপ কোন বিবৃতি থাকে, যাহা আবেদিত ভৌগোলিক নির্দেশক পণ্যের অন্যতম ব্যতিক্রমধর্মী বৈশিষ্ট্য হিসাবে উল্লেখ করা হইয়াছে, সেইক্ষেত্রে আবেদনপত্রের সহিত ভৌগোলিক নির্দেশক পণ্যটির তিন কপি সাদা-কালো ছবি এবং পাঁচ কপি রঙ্গিন ছবি সংযুক্ত করিতে হইবে।

(৪) যেইক্ষেত্রে কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদনপত্রে পণ্যের আকার বা উহার মোড়কের (প্যাকেজিং) উল্লেখ করা হয়, সেইক্ষেত্রে আবেদনপত্রের সহিত উক্তরূপ ভৌগোলিক নির্দেশক পণ্যের ভিন্ন ভিন্ন তিনটি দৃশ্যের ছবিসহ উহার বর্ণনা সংযুক্ত করিতে হইবে।

৮। ***আবেদনপত্রে সমেত্মাষজনক বিবরণী প্রদান।-*** (১) মূল আবেদনপত্রের সহিত ভৌগোলিক নির্দেশক পণ্য সংক্রান্ত বিবরণী দাখিল করিতে হইবে ।

(২) যদি রেজিস্ট্রার ভৌগোলিক নির্দেশক পণ্য সংক্রান্ত কোন বিবরণীর বিষয়ে সন্তুষ্ট না হন, তাহা হইলে তিনি যে কোন সময় আবেদনের উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের পূর্বে, অন্য একটি সন্তোষজনক বিবরণী দাখিলের নির্দেশ প্রদান করিতে পারিবেন।

৯। ***আবেদনপত্রের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলাদি।-*** কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদনের সহিত নিম্নবর্ণিত তথ্য ও দলিলাদি সরবরাহ করিতে হইবে, যথা:-

(ক) নিম্নবর্ণিত তথ্যাদির উল্লেখপূর্বক উক্ত পণ্যের ভৌগোলিক নির্দেশক সম্পর্কিত একটি বিবৃতি-

(অ) পণ্যটি উৎপাদিত হইবার সুনির্দিষ্ট অঞ্চল বা এলাকা;

(আ) উক্ত অঞ্চল, ভূখণ্ড বা, ক্ষেত্রমত, এলাকায় উৎপাদিত হইবার ফলে পণ্যটিতে নিহিত সুনাম, গুণাগুণ ও অন্যান্য বৈশিষ্ট্য;

(ই) উক্ত অঞ্চল, ভূখণ্ড বা, ক্ষেত্রমত, এলাকা সম্পর্কিত বিশেষ ভৌগোলিক আবহাওয়া, সহজাত প্রাকৃতিক ও মানবিক বিষয়াদি যাহা পণ্যটিকে স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য প্রদান করিয়াছে; এবং

(ঈ) উৎপাদন পদ্ধতি ও উৎস;

(খ) যে শ্রেণির পণ্যের ক্ষেত্রে ভৌগোলিক নির্দেশক প্রযোজ্য হইবে উহার নাম;

(গ) পণ্য উৎপাদনকারী দেশের নির্দিষ্ট যে অঞ্চল, ভূখণ্ড বা এলাকায় পণ্যটি উৎপাদিত হয় উহার মানচিত্র;

(ঘ) ভৌগোলিক নির্দেশক পণ্যসমূহকে নির্দেশ করে এমন কোন শব্দ বা চিহ্ন;

(ঙ) নিবন্ধনের জন্য প্রস্তাবিত ভৌগোলিক নির্দেশক পণ্যটির উৎপাদনকারীগণ সম্পর্কিত বিবরণ;

(চ) আবেদনকারী কিভাবে আইনের অধীন গঠিত সংশ্লিষ্ট ব্যক্তিসংঘ, উৎপাদনকারীগণের সংগঠন, সংস্থা বা কর্তৃপক্ষের স্বার্থের প্রতিনিধিত্ব করেন তৎমর্মে একটি হলফনামা;

(ছ) ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য ব্যবহৃত কোন বিশেষ ''স্ট্যান্ডার্ড বেঞ্চমার্ক'' অথবা উৎপাদন, বাজারজাতকরণ, তৈরি ইত্যাদি সম্পর্কিত ''শিল্প মানদণ্ড'' থাকিলে তৎসম্পর্কিত দলিলাদি;

(জ) ভৌগোলিক নির্দেশক পণ্যের মান, গুণাগুণ, মানের ধারাবাহিকতা বা বিশেষত্ব বজায় রাখিবার বা নিশ্চিৎকরণের জন্য পণ্যটির উৎপাদনকারী, কারিগর বা প্রস্তুতকারক কর্তৃক প্রয়োগকৃত পদ্ধতি (mechanism) সম্পর্কিত বিবরণ;

(ঝ) আবেদনাধীন পণ্যের ভৌগোলিক নির্দেশক সংশ্লিষ্ট অঞ্চল, ভূখণ্ড বা এলাকার মানচিত্রের (মানচিত্র প্রকাশকের পদবি, নাম ও ইস্যুর তারিখ উল্লেখক্রমে) তিনটি প্রত্যায়িত কপি;

(ঞ) আবেদনাধীন পণ্যের ভৌগোলিক নির্দেশক সংশ্লিষ্ট বিশেষ মানবিক দক্ষতা, ভৌগোলিক জলবায়ুর অনন্যতা অথবা অন্যান্য সহজাত বৈশিষ্ট্য সম্পর্কিত বিবরণ;

(ট) সংশ্লিষ্ট পণ্যের উৎপাদনকারীগণের স্বার্থের প্রতিনিধিত্বকারী ব্যক্তিসংঘ, সংস্থা বা কর্তৃপক্ষের পূর্ণ নাম ও ঠিকানা;

(ঠ) আবেদনে উল্লিখিত অঞ্চল, ভূখণ্ড বা এলাকায় সংশ্লিষ্ট পণ্যটির ক্ষেত্রে আবেদনাধীন ভৌগোলিক নির্দেশকের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য কোন পরিদর্শন ব্যবস্থা থাকিলে উহার বিবরণ; এবং

(ড) আবেদনাধীন ভৌগোলিক নির্দেশক পণ্য ইতোমধ্যে নিবন্ধিত কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের সমনামীয় হইলে, আবেদনাধীন পণ্য ও ইতোমধ্যে নিবন্ধিত পণ্যের মধ্যে গুরুত্বপূর্ণ পার্থক্যসূচক বৈশিষ্ট্যের বিবরণ, এবং প্রতারণা বা ভোক্তাগণের বিভ্রান্তি রোধে গৃহীত প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কিত বিবরণ।

*১০। আবেদনপত্রে বাণিজ্যের প্রধান এলাকার উলেস্নখ।-* (১) ভৌগোলিক নির্দেশক পণ্য এবং অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধনের প্রত্যেকটি আবেদনপত্রে বাণিজ্যের প্রধান এলাকাসংক্রান্ত নিম্নবর্ণিত তথ্যাদিও উল্লেখ করিতে হইবে, যথা:-

(ক) কোন ব্যক্তি শ্রেণি কর্তৃক আবেদনের ক্ষেত্রে, বাংলাদেশে উহার বাণিজ্যের প্রধান এলাকা বা স্থান; এবং

(খ) উৎপাদনকারী বা ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত সংগঠনের ক্ষেত্রে, উক্ত উৎপাদক বা ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত বাণিজ্যের প্রধান এলাকা বা স্থান।

(২) আবেদনপত্রে উল্লিখিত এলাকা বা স্থান সংশ্লিষ্ট ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য বাণিজ্যের প্রধান এলাকা বা স্থান বলিয়া গণ্য হইবে।

(৩) কোন ব্যক্তি শ্রেণির আবেদনকারী বা উৎপাদনকারী বা ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত সংগঠনের বাংলাদেশে তাহাদের বাণিজ্যের প্রধান এলাকা বা স্থান না থাকিলে আবেদনপত্রে উল্লিখিত ঠিকানাই বাণিজ্যের প্রধান এলাকা বা স্থান বলিয়া গণ্য হইবে।

(৪) লিখিত যোগাযোগের ক্ষেত্রে আবেদনপত্রে উল্লিখিত বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকার ঠিকানা প্রকৃত ঠিকানা বলিয়া গণ্য হইবে।

(৫) আবেদনপত্র দাখিল, যোগাযোগ, দলিল-দস্তাবেজ প্রেরণ, নির্দিষ্ট ফি পরিশোধ, ইত্যাদি ভৌগোলিক নির্দেশক ইউনিটের মাধ্যমে রেজিস্টার বরাবর করিতে হইবে।

*১১। আবেদনপত্রে বাণিজ্যের প্রধান এলাকা বা স্থান অথবা ব্যবসার ঠিকানা পরিবর্তন।-* কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের ক্ষেত্রে ব্যক্তি শ্রেণির আবেদনকারী বা উৎপাদনকারী বা ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত সংগঠনের বাণিজ্যের প্রধান এলাকা বা স্থান অথবা, ক্ষেত্রমত, ব্যবসার ঠিকানা পরিবর্তন হইলে, উক্ত ঠিকানা পরিবর্তন ভৌগোলিক নির্দেশক ইউনিটের প্রশাসনিক এখতিয়ার ক্ষুণ্ন করিবে না।

*১২। আবেদনপত্রে আবেদনকারী ও অন্যান্য ব্যক্তিবর্গের ঠিকানা, ইত্যাদির বিবরণ।-* (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য কোন আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে, উক্ত আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানার সহিত তাহার জাতীয়তা, টেলিফোন বা মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা এবং সনাক্তকরণের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিবরণাদি সংযুক্ত করিতে হইবে।

(২) আবেদনকারী -

(ক) কোন ব্যক্তিসংঘ, সংগঠন বা প্রতিষ্ঠান হইলে, উহার প্রধানের পূর্ণ নাম ও জাতীয়তা উল্লেখ করিতে হইবে;

(খ) কর্পোরেট বডি হইলে, পরিচালনা বোর্ডের সকল পরিচালকের পূর্ণ নাম ও জাতীয়তা উল্লেখ করিতে হইবে;

(গ) বিদেশি আবেদনকারী বা বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকা নাই, এইরূপ প্রতিষ্ঠান বা সংস্থা হইলে, বাংলাদেশের অভ্যন্তরে তাহার ব্যবসাস্থলের ঠিকানার অতিরিক্ত তাহার নিজ দেশের ঠিকানাও উল্লেখ করিতে হইবে;

(ঘ) কোন কর্পোরেট বডি বা কোন সংস্থা বা আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন কর্তৃপক্ষ হইলে, ক্ষেত্রমত, উক্ত কর্পোরেট বডি বা সংস্থা বা কর্তৃপক্ষ যে রাষ্ট্রীয় অধিক্ষেত্রে প্রতিষ্ঠিত, উক্ত রাষ্ট্র এবং সংশ্লিষ্ট কর্পোরেট বডি বা সংস্থা বা কর্তৃপক্ষ উক্ত রাষ্ট্রে নিবন্ধিত হইলে তৎসম্পর্কে বর্ণনা উল্লেখ করিতে হইবে।

*১৩। আবেদনপত্রে যোগাযোগের ঠিকানার উল্লেখ।-* নিম্নবর্ণিত আবেদনকারীগণকে বাংলাদেশের অভ্যন্তরে তাহাদের সহিত যোগাযোগের ঠিকানা প্রদান করিতে হইবে, যথা:-

(ক) ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের জন্য এইরূপ কোন আবেদনকারী অথবা অনুমোদিত ব্যবহারকারী যাহাদের বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকা নাই;

(খ) ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত এইরূপ কোন সংগঠন বা উৎপাদনকারী সংগঠন যাহাদের বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকা নাই;

(গ) এইরূপ কোন ব্যক্তিবর্গ আবেদনের তারিখে যাহাদের বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকা ছিল, কিন্তু পরবর্তীতে তাহা বিদ্যমান নাই;

(ঘ) আইন বা এই বিধিমালার অধীন কোন প্রক্রিয়ায় এইরূপ প্রত্যেক আবেদনকারী অথবা অনুমোদিত ব্যবহারকারী যাহার বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকা নাই;

(ঙ) বিরোধিতার নোটিশ প্রদানকারী এইরূপ কোন ব্যক্তি যাহার বাংলাদেশে বাণিজ্যের প্রধান এলাকা নাই;

(চ) আইন বা এই বিধিমালা অনুসারে নিবন্ধনবহিতে ভৌগোলিক নির্দেশক পণ্য সম্পর্কিত কোন বিষয়ে হস্তক্ষেপের জন্য যাহাদের অনুমতি প্রদান করা হইয়াছে;

(ছ) কোন নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারীর বিরুদ্ধে ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধন বাতিল বা সংশোধনের ক্ষেত্রে, রেজিস্ট্রার বরাবর যিনি আবেদন করিবেন; এবং

(জ) এই বিধিমালার অধীন নিবন্ধন বহিতে ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারী সংক্রান্ত কোন অন্তর্ভুক্তি বাতিল, অবলোপ এবং পরিবর্তনের ক্ষেত্রে, রেজিস্টার বরাবর যিনি আবেদন করিবেন।

***১৪। আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার।***- আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার নিশ্চিত করিতে হইবে এবং উহাতে আবেদনপত্রের নম্বর ও ভৌগোলিক নির্দেশক পণ্যের নাম সন্নিবেশিত থাকিবে।

***১৫। আবেদনপত্রের প্রাথমিক পরীক্ষা ও ত্রুটি নিরসন।***- (১) রেজিস্ট্রার, আবেদনপত্রটি প্রাপ্তির পর আইন এবং এই বিধিমালার অন্যান্য বিধানাবলি অনুযায়ী উহাতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা হইয়াছে কিনা, বা অন্যান্য আবশ্যকতাসমূহ পূরণ করা হইয়াছে কিনা, তাহা পরীক্ষা করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন রেজিস্ট্রার কর্তৃক যদি কোন ত্রুটি পরিলক্ষিত হয়, তাহা হইলে তিনি উক্তরূপ ত্রুটি সংশোধনের জন্য আবেদনকারীকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নির্দেশ প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে আবেদনকারী ত্রুটি সংশোধন করিতে ব্যর্থ হইলে, আবেদনপত্রটি পরিত্যক্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

***১৬। আবেদনের বিষয়ে রেজিস্টারের আপত্তি নিরসন।***- (১) রেজিস্ট্রার আবেদনপত্র এবং উহার সহিত সরবরাহকৃত তথ্য ও দলিলাদি বিবেচনার পর যদি আবেদন মঞ্জুর করিবার ক্ষেত্রে তাহার আপত্তি থাকে, বা তিনি যেইরূপ উপযুক্ত মনে করেন সেইরূপ শর্তে, সংশোধন, পরিবর্তন বা বাধ্যবাধকতা সাপেক্ষে, আবেদনটি মঞ্জুর করিবার প্রস্তাব করেন, তাহা হইলে তিনি উক্ত আপত্তি বা প্রস্তাব আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবার ২ (দুই) মাসের মধ্যে যদি আবেদনকারী পূর্বোক্ত প্রস্তাব অনুসারে তাহার আবেদনপত্র সংশোধন না করেন বা রেজিস্ট্রারের নিকট উপর্যুক্ত বিষয়ে তাহার কোন মতামত দাখিল না করেন অথবা শুনানির আবেদন না করেন বা, ক্ষেত্রমত, শুনানিতে উপস্থিত না হন, তাহা হইলে আবেদনটি পরিত্যক্ত হইবে।

(৩) যদি আবেদনকারী উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের মধ্যে শুনানি করিবার ইচ্ছা প্রকাশ করিয়া রেজিস্ট্রারকে অবহিত করেন, তাহা হইলে রেজিস্ট্রার আবেদনকারীকে অন্যূন ১৫ (পনের) দিনের সময় প্রদান করিয়া উক্ত শুনানির দিন ধার্য করিবেন।

(৪) রেজিস্ট্রার আবেদকারীর বক্তব্য শ্রবণ এবং আবেদনকারী কর্তৃক দাখিলকৃত তথ্য-প্রমাণ বিবেচনা করিয়া যেইরূপ উপযুক্ত মনে করিবেন, আবেদনপত্রের বিষয়ে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবেন।

(৫) যদি আবেদনকারী লিখিতভাবে অবহিত করেন যে, তিনি শুনানি করিতে আগ্রহী নহেন, তাহা হইলে রেজিস্ট্রার, শুনানি গ্রহণ করিবার বা শুনানি ব্যতিরেকে, তাহার সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

*১৭। পরামর্শক কমিটি গঠন ও আবেদনপত্র প্রেরণ।-(১)* কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের যৌক্তিকতা নিরূপণের জন্য রেজিস্ট্রার এক বা একাধীক পরামর্শক কমিটি গঠন করিতে পারিবেন এবং উক্ত পরামর্শক দলে এই আইন, বিধি ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা রহিয়াছে এইরূপ বিশেষজ্ঞ এবং সংশ্লিষ্ট ভৌগোলিক নির্দেশক পণ্যের সহিত সম্পর্কিত প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষের প্রতিনিধিত্ব থাকিতে হইবে, যাহাতে ভৌগোলিক নির্দেশক পণ্যটি নিবন্ধনের করা যায়।

(২) পরামর্শক দলটি অনধিক ৩ (তিন) মাসের মধ্যে ভৌগোলিক নির্দেশক পণ্যটি নিবন্ধনের যৌক্তিকতা সম্পর্কে তাহাদের চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হইবেন এবং অতঃপর, রেজিস্ট্রার আবেদনকারীর নিকট হইতে প্রাপ্ত আবেদনপত্রটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক একটি প্রতিবেদন প্রকাশ করিবেন।

*১৮। রেজিস্ট্রার কর্তৃক আবেদনপত্র গ্রহণ বা প্রত্যাখ্যান।-* (১) নিবন্ধন প্রদানের পূর্বে, রেজিস্ট্রার যদি মনে করেন যে, নিবন্ধনের আবেদনপত্রটি ভুলক্রমে গৃহীত হইয়াছে অথবা সংশ্লিষ্ট পরিস্থিতি বিবেচনায় ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধন সঠিক হইবে না, অথবা যে শর্ত বা সীমাবদ্ধতা সাপেক্ষে, আবেদনপত্রটি গ্রহণ করা হইয়াছিল উহার অতিরিক্ত বা ভিন্নতর শর্ত বা সীমাবদ্ধতা সাপেক্ষে, আবেদনপত্রটি গ্রহণ করা যাইতে পারে, তাহা হইলে রেজিস্ট্রার আবেদনকারীকে তৎমর্মে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন বিষয়টি অবহিত করিবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত শর্তাবলি প্রতিপালন করা না হইলে অথবা শুনানির আবেদন করা না হইলে, গৃহীত আবেদনপত্রটি রেজিস্ট্রার এইরূপে প্রত্যাখ্যান করিতে পারিবেন যেন উহা গৃহীত হয় নাই।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদনকারী শুনানির প্রার্থনা করিলে, রেজিস্ট্রার শুনানির তারিখ অন্যূন ১৫ (পনের) দিন) উল্লেখপূর্বক আবেদনকারীকে নোটিশ প্রদান করিবেন।

(৪) আবেদনকারী শুনানির প্রার্থনা করিতে ইচ্ছুক নহেন মর্মে বিবৃতি প্রদান করিতে পারিবেন এবং উপযুক্ত মনে করিলে লিখিত বক্তব্যও দাখিল করিতে পারিবেন।

(৫) রেজিস্ট্রার আবেদনকারীর বক্তব্য শ্রবণ বা, ক্ষেত্রমত, দাখিলকৃত লিখিত বক্তব্য বিবেচনা করিয়া যেইরূপ উপযুক্ত মনে করিবেন, সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবেন।

*১৯। আবেদনের তথ্যাদির বিজ্ঞপ্তি প্রকাশ ও সংশোধন।-* (১) আইনের ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে, ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদন, আইনের বিধান সাপেক্ষে, জার্নালে বিজ্ঞাপন দ্বারা বা পুনঃবিজ্ঞাপন দ্বারা, প্রকাশ করিতে হইবে।

(২) জার্নালে বিজ্ঞাপিত হইবার পর রেজিস্ট্রার প্রকাশিত বিজ্ঞাপনটিকে ইন্টারনেট, ওয়েবসাইট বা অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে প্রকাশ করিতে পারিবেন।

(৩) জার্নালে বিজ্ঞাপিত হইবার পর, রেজিস্ট্রার ভৌগোলিক নির্দেশক পণ্যের জার্নালটিকে সিডি-রমে প্রকাশ করিয়া অর্থের বিনিময়ে সহজলভ্য করিতে পারিবেন।

(৪) রেজিস্ট্রার, উপযুক্ত মনে করিলে, কোন আবেদনপত্র জার্নালে পুনঃবিজ্ঞাপিত না করিয়া আবেদনপত্রের নম্বর, শ্রেণি, আবেদনকারীর নাম ও বাংলাদেশে আবেদনকারীর মূল ঠিকানা অথবা, বাংলাদেশে আবেদনকারীর মূল ঠিকানা না থাকিলে, বাংলাদেশে তাহার যোগাযোগের ঠিকানা উল্লেখ করিয়া সংশ্লিষ্ট সংশোধনী বা পরিবর্তন সংশ্লিষ্ট জার্নালে অন্তর্ভুক্ত করিতে পারিবেন।

**২০। *প্রকাশিত বিজ্ঞপ্তির তথ্যাদির জন্য আবেদন।-*** কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের আবেদন সম্পর্কে সংশ্লিষ্ট জার্নালে বিজ্ঞাপিত হইলে, কোন ব্যক্তি উক্ত জার্নালের নম্বর, তারিখ ও পৃষ্ঠা জানিবার জন্য রেজিস্ট্রারের নিকট জিআই ফরম ১৬-এ আবেদনপত্র দাখিল করিতে পারিবেন এবং রেজিস্ট্রার উক্তরূপ আবেদনপত্র প্রাপ্তির পর আবেদনকারী কর্তৃক যাচিত তথ্য প্রদান করিবেন।

**২১। *বিরোধিতার আবেদনপত্র দাখিল।-*** (১) নিবন্ধনের আবেদনপত্র জার্নালে প্রকাশের তারিখ হইতে অনধিক ২ (দুই) মাসের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কর্তৃক আইনের ধারা ১৩ এর উপ-ধারা (১) এর অধীন নিবন্ধনের বিরোধিতা করিয়া জিআই ফরম ৩-এ রেজিস্ট্রারের নিকট তিন প্রস্থে আবেদনপত্র দাখিল করিতে পারিবেন।

(২) বিরোধিতাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কর্তৃক আবেদনের স্বপক্ষে, ধারা ১৩ এর উপ-ধারা (৩) সাপেক্ষে, লিখিত যুক্তিসহ সকল সাক্ষ্য-প্রমাণ রেজিস্ট্রারের নিকট দাখিল করিতে হইবে।

(৩) একাধিক শ্রেণির ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের একক আবেদনপত্র সম্পর্কিত বিরোধিতার আবেদন দাখিল করা হইলে, সংশ্লিষ্ট প্রতিটি শ্রেণির জন্য নির্দিষ্ট ফিসহ আবেদন করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের বিরোধিতার জন্য বিরোধিতাকারী আইনের ধারা ১৩ এর উপ-ধারা (২) এর অধীন সময় বর্ধিতকরণের আবেদন করিতে ইচ্ছুক হইলে, তাহাকে নির্দিষ্ট ফিসহ জিআই ফরম ৫ এ আবেদন করিতে হইবে।

(৫) বিরোধিতার আবেদনপত্র প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে রেজিস্ট্রার আবেদনকারী বরাবর উহার অনুলিপি জারি করিবেন।

**২২। *আবেদনকারী কর্তৃক পাল্টা বিবৃতি দাখিল।-*** (১) আইনের ধারা ১৪ এর উপ-ধারা (১) এর অধীন বিরোধীতার আবেদনপত্রটির অনুলিপি প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে আবেদনকারী জিআই ফরম ৪-এ তিন প্রস্থে রেজিস্ট্রার বরাবর পাল্টা বিবৃতি দাখিল করিতে পারিবেন।

(২) রেজিস্ট্রার পাল্টা বিবৃতি প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে উহার অনুলিপি বিরোধীতাকারীকে প্রদান করিবেন।

(৩) বিরোধিতার আবেদনপত্র যাচাইয়ের ক্ষেত্রে যেই সকল পদ্ধতি অনুসরণ করিতে হইবে, সেই সকল পদ্ধতিতে পাল্টা বিবৃতি যাচাই করিতে হইবে।

২৩। *বিরোধিতা ও পাল্টা বিবৃতির স্বপক্ষে দলিলাদি দাখিল*।- (১) বিরোধিতাকারী, পাল্টা বিবৃতি প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে বিরোধিতার পক্ষে সাক্ষ্য-প্রমাণাদি রেজিস্ট্রারের নিকট দাখিল করিবেন অথবা তিনি লিখিতভাবে তাহার বিরোধিতার সমর্থনে উল্লিখিত দলিলাদি ব্যতীত অতিরিক্ত আর কোন প্রমাণাদি প্রদানে ইচ্ছুক নহেন মর্মে রেজিস্ট্রারকে অবহিত করিতে পারিবেন।

(২) বিরোধিতাকারী, রেজিস্ট্রার বরাবর প্রেরিত সাক্ষ্য-প্রমাণের অনুলিপি আবেদনকারীর নিকট প্রেরণ করিবেন এবং তৎসম্পর্কে লিখিতভাবে রেজিস্ট্রারকে অবহিত করিবেন।

(৩) বিরোধিতাকারী উপ-বিধি (১) অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে কোন কার্যক্রম গ্রহণ না করিলে, তিনি তাহার বিরোধিতা প্রত্যাহার করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৪) আবেদনকারী কর্তৃক বিরোধিতার আবেদনের সমর্থনে দলিলাদি প্রাপ্তির ২ (দুই) মাসের মধ্যে তাহার আবেদনের স্বপক্ষে সাক্ষ্য-প্রমাণাদি রেজিস্ট্রারের নিকট দাখিল করিতে হইবে অথবা তিনি লিখিতভাবে তাহার আবেদনের সমর্থনে অতিরিক্ত কোন প্রমাণাদি প্রদানে ইচ্ছুক নহেন মর্মে রেজিস্ট্রারকে অবহিত করিবেন।

(৫) আবেদনকারী রেজিস্ট্রার বরাবর প্রেরিত দলিলাদির অনুলিপি বিরোধিতাকারীর নিকট প্রেরণ করিবেন এবং তৎসম্পর্কে লিখিতভাবে রেজিস্ট্রারকে অবহিত করিবেন।

২৪। *দলিলাদি পুনঃদাখিল*।- উভয় পক্ষ কর্তৃক সকল দলিল দাখিল করা সত্ত্বেও রেজিস্ট্রার, উপযুক্ত মনে করিলে, বিরোধীয় বিষয়টি নিষ্পন্নাধীন থাকা অবস্থায় যে কোন পক্ষকে এতৎসংক্রান্ত বিষয়ে অতিরিক্ত আরও কোন প্রমাণ দাখিলের অনুমতি প্রদান করিতে পারিবেন।

২৫। *দলিলাদির অনুলিপি সরবরাহ*।- (১) কোন পক্ষ কর্তৃক তাহার প্রদত্ত দলিলাদির সহিত কোন ভৌগলিক নির্দেশক পণ্যের নমুনা সংযুক্ত করা হইলে, অপর পক্ষকে তাহার অনুরোধের প্রেক্ষিতে নিজ খরচে উক্ত নমুনার একটি কপি পেরণ করিতে হইবে অথবা যদি এইরূপ কোন কপি সরবরাহ করা সম্ভব না হয়, তাহা হইলে নিবন্ধন কার্যালয়ে মূল নমুনাটি প্রদর্শনের জন্য উন্মুক্ত রাখিতে হইবে।

(২) রেজিস্ট্রার, ভিন্নরূপ নির্দেশনা প্রদান না করিলে, শুনানির সময় মূল নমুনাটি উপস্থাপন করিতে হইবে।

২৬। *শুনানি ও সিদ্ধান্ত গ্রহণ*।- (১) প্রমাণাদি, যদি থাকে, প্রাপ্তির পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে রেজিস্ট্রার উভয় পক্ষের যুক্তিতর্ক শুনানির জন্য একটি তারিখ ধার্য করিয়া উভয়পক্ষকে নোটিশ প্রদান করিবেন।

(২) নোটিশ প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে শুনানিতে আগ্রহী পক্ষ তৎমর্মে রেজিস্ট্রারকে অবহিত করিবেন এবং যদি কোন পক্ষ উক্ত ১৪ দিনের মধ্যে রেজিস্ট্রারকে অবহিত না করেন, তাহা হইলে উক্ত পক্ষ শুনানি করিতে আগ্রহী নহেন মর্মে সাব্যস্ত করিয়া রেজিস্ট্রার একতরফাভাবে বিষয়টি নিষ্পত্তি করিতে পারিবেন।

(৩) যদি কোন পক্ষ উপযুক্ত কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে রেজিস্ট্রারকে শুনানি মুলতবি করিবার অনুরোধ করেন, তাহা হইলে রেজিস্ট্রার সন্তুষ্ট হইলে অনধিক ১ (এক) মাসের জন্য শুনানি মুলতবি করিতে পারিবেন; তবে কোন পক্ষ ২(দুই) বারের অধিক এইরূপ অনুরোধ করিতে পারিবেন না।

(৪) যদি আবেদনকারী নির্দিষ্ট শুনানির দিনে হাজির না হন এবং রেজিস্ট্রারকে উহা অবহিত না করেন, তাহা হইলে রেজিস্ট্রার আবেদন বাতিল করিতে পারিবেন।

(৫) যদি বিরোধিতাকারী শুনানির জন্য ধার্যকৃত তারিখে হাজির না হন এবং রেজিস্ট্রারকে উহা অবহিত না করেন, তাহা হইলে রেজিস্ট্রার বিরোধিতাকারী শুনানি করিতে আগ্রহী নহেন মর্মে সাব্যস্ত করিয়া বিরোধিতার আবেদন বাতিল করিতে পারিবেন এবং নিবন্ধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৬) যুক্তিসঙ্গত কারণে শুনানি মুলতবি করা হইলে, রেজিস্ট্রার শুনানির জন্য অন্য একটি দিন ধার্য করিবেন এবং মুলতবির জন্য রেজিস্ট্রার যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ খরচ নির্ধারণ করিতে পারিবেন।

(৭) যদি সংশ্লিষ্ট কৌসুলির অসুস্থতা অথবা প্রতিনিধির অক্ষমতাকে মুলতবির কারণ হিসাবে প্রদর্শন করা হয়, তাহা হইলে রেজিস্ট্রার উক্ত মুলতবির আবেদন মঞ্জুর করিবেন না, যদি আবেদনকারী প্রমাণ করিতে ব্যর্থ হন যে, তিনি সময়মত অন্য একজন প্রতিনিধি বা কৌসুলি নিয়োগ করিতে পারেন নাই।

(৮) কার্যধারা চলাকালে কোন পক্ষ লিখিত যুক্তি পেশ করিলে, রেজিস্ট্রার তাহা বিবেচনা করিতে পারিবেন।

(৯) রেজিস্ট্রার মৌখিক যুক্তিতর্কের সময়সীমা হ্রাস করিতে পারিবেন।

(১০) রেজিস্ট্রারের সিদ্ধান্ত লিখিতভাবে উভয় পক্ষকে অবহিত করিতে হইবে।

***২৭। আবেদনপত্রের তথ্যাদি নিবন্ধনবহিতে অন্তর্ভুক্তিকরণ।-*** (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন করা হইলে, উহার তথ্যাবলি নিবন্ধনবহিতে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনবহিতে অন্তর্ভুক্তির সময় পণ্যটির নিবন্ধনের জন্য আবেদনের তারিখ, নিবন্ধনের তারিখ, পণ্যের নাম এবং উহা যে শ্রেণিতে নিবন্ধিত হইয়াছে তাহা উল্লেখ করিতে হইবে এবং নিম্নবর্ণিত বিষয়াদিও উহার সহিত উল্লেখ করিতে হইবে, যথাঃ-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা, বাংলাদেশে আবেদনকারীর প্রধান বাণিজ্যিক কার্যালয়ের ঠিকানা (যদি থাকে), ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারী ব্যক্তি, প্রতিষ্ঠান, সংঘ, সংস্থা বা সমিতির ঠিকানা এবং বাংলাদেশে উক্ত ব্যক্তি, প্রতিষ্ঠান, সংঘ, সংস্থা বা সমিতির প্রধান বাণিজ্যিক কাযার্লয়ের ঠিকানা, (যদি থাকে);

(খ) ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারীর যদি বাংলাদেশে কোন ব্যবসা না থাকে, তাহা হইলে নিবন্ধনের আবেদনে বাংলাদেশে যোগাযোগের যে ঠিকানা উল্লেখ করা হইয়াছে, উক্ত ঠিকানাসহ স্বত্বাধিকারীর নিজ দেশের ঠিকানা;

(গ) প্রতিষ্ঠান বা সমিতির ক্ষেত্রে, যে সকল প্রতিষ্ঠান বা সমিতির বাংলাদেশে কোন প্রধান বাণিজ্যিক কার্যালয় নাই, উহার নিবন্ধনের আবেদনপত্রে উল্লিখিত যোগাযোগের ঠিকানাসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সমিতির নিজ দেশের ঠিকানা;

(ঘ) ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারী ব্যক্তি, প্রতিষ্ঠান, সংঘ, সংস্থা বা সমিতির ব্যবসা, বাণিজ্য, পেশাসহ অন্যান্য বিবরণ;

(ঙ) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের ফলে যে সকল অধিকার নিশ্চিত হইয়াছে এবং যে সকল অধিকার খর্ব হইয়াছে উহার বিবরণ;

(চ) কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে প্রাপ্ত আবেদনপত্রের ক্ষেত্রে, অগ্রাধিকার প্রাপ্তির তারিখসহ অগ্রাধিকারের তারিখ;

(ছ) বিধি ৯ এ উল্লিখিত তথ্যাদি ; এবং

(জ) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের সংশ্লিষ্ট অফিস বা কার্যালয়ের ঠিকানা।

*২৮। নিবন্ধন সার্টিফিকেট।-* (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন এবং উহার তথ্যাবলি নিবন্ধনবহিতে অন্তর্ভুক্তির পর, রেজিস্ট্রার, আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) অনুযায়ী জিআই ফরম ১৪ এ আবেদনের প্রেক্ষিতে জিআই (আর) ফরম ১-এ ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের সার্টিফিকেট ইস্যু করিবেন।

(২) রেজিস্ট্রার, প্রয়োজন মনে করিলে, উক্ত জিআই (আর) ফরম ১-এ যথাযথ পরিবর্তন আনয়ন করিতে পারিবেন এবং সার্টিফিকেটের সহিত ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারীর তালিকা সংযুক্ত করিতে পারিবেন।

(৩) ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী নির্দিষ্ট ফি প্রদানপূর্বক জিআই ফরম ১৭-এ আবেদন করিলে, রেজিস্ট্রার ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধন সার্টিফিকেটের অনুলিপি প্রদান করিতে পারিবেন।

*২৯। নিবন্ধনের পূর্বে আবেদনকারীর মৃত্যু।-* ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য আবেদনপত্র দাখিল করিবার তারিখের পর এবং উহা নিবন্ধনবহিতে অন্তর্ভুক্তির পূর্বে, যদি আবেদনকারী মৃত্যুবরণ করেন, তাহা হইলে আবেদনকারীর মৃত্যু সম্পর্কিত যথাযথ তথ্য-প্রমাণ এবং আবেদনকারীর যথাযথ উত্তরাধিকারীত্বের প্রমাণ দাখিল সাপেক্ষে, মূল আবেদনপত্রটি সংশোধনের মাধ্যমে উত্তরাধিকারীগণের নামে নিবন্ধন প্রক্রিয়া অব্যাহত রাখা যাইবে।

## *অধ্যায় ৩*

## *অনুমোদিত ব্যবহারকারী*

*৩০। অনুমোদিত ব্যবহারকারী।-* (১) কোন উৎপাদনকারী রেজিস্ট্রারের নিকট নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের অনুমোদিত ব্যবহারকারী হিসাবে আবেদন করিতে ইচ্ছুক হইলে, তিনি জিআই ফরম ৬-এ আবেদন করিবেন এবং যাহার ভিত্তিতে তিনি উক্ত নিবন্ধিত ভৌগলিক নির্দেশক পণ্যের উৎপাদনকারী হিসাবে দাবি করিতেছেন, তাহার বিবরণ হলফনামা সহকারে আবেদনপত্রের সহিত দাখিল করিবেন।

(২) ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারীর একটি সম্মতিপত্র উক্ত আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে এবং সংযুক্ত করা না হইলে, স্বত্বাধিকারীকে অবহিতকরণের জন্য আবেদনপত্রের একটি কপি তাহার বরাবর প্রেরণ করিতে হইবে এবং রেজিস্ট্রারকেও উহা অবহিত করিতে হইবে।

(৩) অনুমোদিত ব্যবহারকারী হিসাবে উক্তরূপ আবেদনপত্র প্রাপ্তির পর, রেজিস্ট্রার উহা পরীক্ষা-নিরীক্ষা করিয়া একটি প্রতিবেদন প্রস্তুত করিবেন।

(৪) উক্ত আবেদনপত্রের উপর পরবর্তী কার্যক্রমের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে (mutatis-mutandis) প্রযোজ্য হইবে।

*৩১। অনুমোদিত ব্যবহারকারীর নাম নিবন্ধনবহিতে লিপিবদ্ধকরণ।-* (১) অনুমোদিত ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের আবেদন জার্নালে প্রকাশের পর যদি কোন বিরোধিতার নোটিশ দাখিল করা না হয়, বা দাখিল করা হইলে উহা নামঞ্জুর করা হয়, বা কোন আপিল করা হইলে উক্ত আপিল নিষ্পত্তির পর, অনুমোদিত ব্যবহারকারী হিসাবে নির্দিষ্ট ফি প্রদানপূর্বক নিবন্ধনক্রমে উহা নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) অনুমোদিত ব্যবহারকারীর নাম নিবন্ধনবহিতে অন্তর্ভুক্ত করিবার সময় আবেদনপত্র দাখিলের তারিখ, নিবন্ধনের তারিখ, পণ্য এবং শ্রেণি উল্লেখপূর্বক উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি সরবরাহ করিতে হইবে, যথা:-

(ক) ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারীর বাংলাদেশে অবস্থিত ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা;

(খ) নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের বিস্তারিত বিবরণ, বিশেষত পণ্যের বৈশিষ্ট্য (specification) এবং শ্রেণি;

(গ) অনুমোদিত ব্যবহারকারীর বাংলাদেশে অবস্থিত প্রধান বাণিজ্যিক কার্যালয়ের ঠিকানা;

(ঘ) ভৌগোলিক নির্দেশক পণ্যের অনুমোদিত ব্যবহারকারীর বাংলাদেশে প্রধান বাণিজ্যিক কার্যালয় না থাকিলে, তাহার সহিত যোগাযোগের ঠিকানা;

(ঙ) আবেদনপত্রে উল্লিখিত ব্যবসা, বাণিজ্য, পেশা, জীবিকা বা ডিলারশিপ অথবা অন্যান্য বিষয়ে বিস্তারিত বর্ণনা;

(চ) অগ্রাধিকার (priority) প্রাপ্তির তারিখ (যদি থাকে) যেমন- কনভেনশনভুক্ত রাষ্ট্র, ইত্যাদি; এবং

(ছ) ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট কার্যালয়ের নাম।

(৩) জিআই ফরম ৮-এ আবেদনের প্রেক্ষিতে ও নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে, রেজিস্ট্রার অনুমোদিত ব্যবহারকারীর অনুকূলে জিআই (আর) ফরম ২ অনুসারে নিবন্ধন সার্টিফিকেট ইস্যু করিতে পারিবেন।

(৪) জিআই ফরম ১৮-এ আবেদনের প্রেক্ষিতে ও নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে, রেজিস্ট্রার অনুমোদিত ব্যবহারকারীর অনুকূলে নিবন্ধন সার্টিফিকেটের দুই বা ততোধিক অনুলিপি প্রদান করিতে পারিবেন।

## *অধ্যায় ৪*
## *নবায়ন ও পুনর্বহাল*

**৩২।** ***নিবন্ধন নবায়ন***।- (১) ভৌগোলিক নির্দেশক পণ্যের অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখের ৬ (ছয়) মাস পূর্বে জিআই ফরম ৯-এ উহা নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

(২) ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী কর্তক অথবা অনুমোদিত ব্যবহারকারীগণের মধ্য হইতে নিবন্ধন বহিতে নাম অন্তর্ভুক্ত রহিয়াছে এইরূপ কোন অনুমোদিত ব্যবহারকারী কর্তৃক জিআই ফরম ৯-এ নিবন্ধন নবায়নের আবেদন করিতে হইবে।

(৩) আদালত কর্তৃক প্রদত্ত আদেশবলে বা বর্তমান স্বত্বাধিকারীর পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হইবার উপযুক্ত প্রমাণ দাখিলক্রমে কোন ট্রাস্টি, নির্বাহক, প্রশাসক বা অনুরূপ কোন ব্যক্তি নিবন্ধন নবায়নের জন্য আবেদন করিলে, রেজিস্ট্রার উহা গ্রহণ করিবেন।

(৪) নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনকারীর অস্তিত্বের বিলোপ ঘটিলে, নবায়নের সময়সীমার মধ্যে নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত অনুমোদিত ব্যবহারকারীগণের যে কোন ব্যবহারকারী কর্তৃক নিবন্ধন নবায়ন করা যাইবে।

(৫) যেইক্ষেত্রে রেজিস্ট্রারের নিকট এই মর্মে বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, সংশ্লিষ্ট নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্য বাজারে ব্যবহৃত না হইবার সম্ভাবনা রহিয়াছে, সেইক্ষেত্রে তিনি নবায়ন সার্টিফিকেট প্রদানের পূর্বে নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারীকে উক্ত ভৌগোলিক নির্দেশক পণ্য ব্যবহার সম্পর্কিত একটি হলফনামা দাখিলের নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(৬) যদি নির্দিষ্ট ফি পরিশোধপূর্বক নিবন্ধন নবায়ন করা না হয়, তাহা হইলে রেজিস্ট্রার উক্ত ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধন বাতিল করিয়া নিবন্ধনবহি হইতে তাহার নাম কর্তন করিতে পারিবেন।

***৩৩। ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারীগণের নাম নিবন্ধনবহি হইতে বাতিলের পূর্বে নোটিশ প্রদান।-*** ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনবহি হইতে বাতিলের পূর্বে বা, ক্ষেত্রমত, অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণের পূর্ববর্তী অন্যূন ১ (এক) মাস এবং অনধিক ৩ (তিন) মাসের মধ্যে যদি নির্দিষ্ট ফি পরিশোধপূর্বক জিআই ফরম ৯-এ আবেদন দাখিল করা হয়, তাহা হইলে রেজিস্ট্রার উক্ত ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারী বা, ক্ষেত্রমত, অনুমোদিত ব্যবহারকারীর, অথবা যদি উক্ত স্বত্বাধিকারী বা নিবন্ধিত ব্যবহারকারী কোন ব্যক্তিসংঘ বা, ক্ষেত্রমত, উৎপাদনকারীগণের সমিতি হয়, তাহা হইলে উক্ত সংঘ বা সমিতির প্রত্যেককে অথবা উহার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে লিখিতভাবে বাংলাদেশে তাহার প্রধান বাণিজ্যিক কার্যালয়ের ঠিকানা, অথবা বাংলাদেশে কোন ব্যবসা কেন্দ্র না থাকিলে, নিবন্ধনের আবেদনে বাংলাদেশে তাহার সহিত যোগাযোগের যে ঠিকানা উল্লেখ করা হইয়াছে, সেই ঠিকানায় নোটিশ প্রেরণ করিবেন।

***৩৪। নিবন্ধনবহি হইতে ভৌগোলিক নির্দেশক পণ্য ও অনুমোদিত ব্যবহারকারীর নাম বাতিলের বিজ্ঞাপন।-*** কোন ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারীর নাম নিবন্ধনবহি হইতে বাতিলপূর্বক সংশোধন করা হইলে, রেজিস্ট্রার অনতিবিলম্বে এতদ্‌বিষয়ে সংবাদপত্র বা সরকারি গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিবেন:

তবে শর্ত থাকে যে, নবায়নের মেয়াদ উত্তীর্ণের ১ (এক) মাসের মধ্যে নির্দিষ্ট ফি ও সারচার্জ পরিশোধপূর্বক জিআই ফরম ৯-এ রেজিস্ট্রারের নিকট নবায়নের আবেদন করা হইলে, রেজিস্ট্রার ভৌগোলিক নির্দেশক পণ্য বা, এর অনুমোদিত ব্যবহারকারীর নাম নিবন্ধনবহি হইতে বাতিল বা সংশোধন করিবেন না।

***৩৫। নিবন্ধন পুনর্বহাল।-*** (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধন নিবন্ধনবহি হইতে বাতিল করা হইলে উহা পুনর্বহালের জন্য নিবন্ধন নবায়নের মেয়াদ উত্তীর্ণের বা বাতিলের ৬ (ছয়) মাসের মধ্যে নির্দিষ্ট ফি পরিশোধপূর্বক জিআই ফরম ১৩-এ রেজিস্ট্রারের নিকট আবেদন করা যাইবে এবং রেজিস্ট্রার উপযুক্ত মনে করিলে, উহা পুনর্বহাল করিতে পারিবেন।

(২) রেজিস্ট্রার উপ-বিধি (১) এর অধীন কোন আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে, যাহারা ইতোমধ্যে আবেদন করিয়াছেন অথবা একইরকম বা প্রতারণামূলকভাবে সাদৃশ্যপূর্ণ (Deceptively similar) ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য আবেদন করিয়াছেন তাহাদের বিষয়টি বিবেচনা পূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

***৩৬। ভৌগোলিক নির্দেশক পণ্যের বা অনুমোদিত ব্যবহারকারীর নবায়ন বা পুনর্বহালের বিষয়ে নোটিশ বা সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ।-*** কোন ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধন নবায়ন বা পুনর্বহাল করা হইলে, উক্ত নবায়ন বা পুনর্বহাল সম্পর্কে ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারী বা অনুমোদিত ব্যবহারকারীকে নোটিশ প্রদান করিতে হইবে বা এতদ্‌বিষয়ে সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে।

## অধ্যায় ৫
## *নিবন্ধন বহিতে পরিবর্তন বা সংশোধন*

৩৭। *নিবন্ধনবহিতে ভৌগোলিক নির্দেশক পণ্যের তথ্যাদি অন্তর্ভুক্তকরণ*।- এই বিধিমালার অধীন রেজিস্ট্রার, বিজ্ঞাপিত তারিখের পর নিবন্ধিত সকল ভৌগোলিক নির্দেশক পণ্য সংক্রান্ত তথ্য নিবন্ধনবহিতে অন্তর্ভুক্ত করিতে এবং উক্তরূপ নিবন্ধন বহিতে অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে কোনরূপ ত্রুটি থাকিলে, তাহা যেকোন সময়ে সংশোধন করিতে পারিবেন।

৩৮। *নিবন্ধন বহিতে পরিবর্তন, সংশোধন, ইত্যাদির পদ্ধতি*।- (১) আইনের ধারা ২৪ এর অধীন অনুমোদিত ব্যবহারকারী নিবন্ধন বহিতে কোন সংশোধন, পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন করিতে ইচ্ছুক হইলে, তাহাকে রেজিস্ট্রারের নিকট, ক্ষেত্রমত, জিআই ফরম ১০ বা জিআই ফরম ১১-এ তিন প্রস্থে নির্দিষ্টকৃত ফিসহ আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করিতে হইবে, যথা:-

(ক) আবেদনকারীর স্বার্থ সম্পর্কিত তিন প্রস্থে একটি বিবরণ;
(খ) আবেদনের সমর্থনে প্রমাণপত্র, যদি থাকে; এবং
(গ) প্রত্যাশিত প্রতিকারের সুস্পষ্ট বিবরণ।

(৩) আবেদনকারী সংশ্লিষ্ট ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী না হইলে, পূর্বে উল্লিখিত আবেদন ও বিবৃতি তিন প্রস্থে ভৌগোলিক নির্দেশক নিবন্ধন কার্যালয়ে দাখিল করিতে হইবে।

(৪) আবেদনকারী ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী হইলে, নিবন্ধনবহিতে উক্ত পণ্যের অনুমোদিত ব্যবহারকারী হিসাবে যত সংখ্যক ব্যক্তির নাম উল্লেখ থাকিবে উহার সমসংখ্যক আবেদন বা বিবৃতির কপি ভৌগোলিক নির্দেশক নিবন্ধন কার্যালয়ে দাখিল করিতে হইবে এবং জনসাধারণকে অবহিত করিবার উদ্দেশ্যে বহুল প্রচারিত সংবাদপত্র বা সরকারি গেজেটে উক্ত আবেদনের মাধ্যমে যে পরিবর্তন, সংশোধন বা সংযোজনের ইচ্ছা প্রকাশ করা হইয়াছে উহার বিবরণ বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিতে হইবে।

(৫) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত আবেদনপত্র প্রাপ্তির ২ (দুই) মাসের মধ্যে রেজিস্ট্রার নিবন্ধনবহিতে উল্লিখিত পণ্যের প্রত্যেক স্বত্বাধিকারী বা অনুমোদিত ব্যবহারকারী বা সংশ্লিষ্ট বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিগণের প্রত্যেককে উক্ত আবেদনের বা বিবৃতির একটি কপি প্রেরণ করিবেন।

(৬) আবেদনপত্রটি বিধি ২১ এ উল্লিখিত বিরোধিতার নোটিশ যাচাই পদ্ধতি অনুসারে যাচাই করিতে হইবে।

৩৯। *অতিরিক্ত পদ্ধতি* (**Further procedure**)।- (১) কোন নিবন্ধিত স্বত্বাধিকারীর কোন পাল্টা বিবৃতি বা আপত্তি থাকিলে তিনি উহার কারণ উল্লেখপূর্বক আবেদনপত্রের কপি প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে, রেজিস্ট্রারের নিকট লিখিতভাবে উক্ত বিবৃতি বা আপত্তি তিন প্রস্থে দাখিল করিবেন।

(২) রেজিস্ট্রার উপ-বিধি (১) এর অধীন পাল্টা বিবৃতি বা আপত্তির কপি প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে আবেদনকারীর নিকট উহার একটি কপি প্রেরণ করিবেন।

(৩) বিধি ৩৮ এর অধীন গৃহীত আবেদনপত্র নিষ্পত্তির ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি, প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে (mutatis-mutandis) প্রযোজ্য হইবে।

(৪) কোন নিবন্ধিত স্বত্বাধিকারী বা অনুমোদিত ব্যবহারকারী কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উপ-বিধি (১) এর অধীন কোন আপত্তি বা পাল্টা বিবৃতি দাখিল না করিবার কারণে রেজিস্ট্রার নিবন্ধনবহি সংশোধন বা পরিবর্তন করিবেন না, অথবা নিবন্ধনবহি হইতে কোন ভৌগোলিক নির্দেশক পণ্য বা কোন অনুমোদিত ব্যবহারকারীর নাম অপসারণ করিবেন না, যদি না তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্তরূপ আপত্তি বা পাল্টা বিবৃতি দাখিল করিতে ইচ্ছাকৃতভাবে বিলম্ব করা হইয়াছে।

(৫) এই বিধির অধীন কোন বিষয়ে কোনরূপ সন্দেহ উদ্ভত হইলে, উহা নিরসনের লক্ষ্যে যে কোন পক্ষ রেজিস্ট্রারের নিকট বিষয়টি সুস্পষ্ট করিবার জন্য দিক-নির্দেশনা চাহিতে পারিবেন।

***৪০। তৃতীয় কোন পক্ষের আপত্তি।-*** (১) বিধি ৩৮ এর অধীন যে ভৌগোলিক নির্দেশক পণ্য সম্পর্কে আবেদন করা হইয়াছে উক্ত পণ্যের সহিত স্বার্থসংশ্লিষ্ট কোন পক্ষ জিআই ফরম ১২-এ উহার অনুরূপ স্বার্থের প্রকৃতি উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর উক্ত বিষয়ে আপত্তি জানাইবার জন্য অনুমতি চাহিয়া আবেদন করিতে পারিবেন।

(২) সংশ্লিষ্ট পক্ষ ইচ্ছা প্রকাশ করিলে, রেজিস্ট্রার, যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ শর্ত, পদ্ধতি বা নির্দিষ্ট ফি পরিশোধ সাপেক্ষে, পক্ষগণকে শুনানির সুযোগ প্রদান করিয়া উক্ত আবেদন মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবেন।

***৪১। স্বীয় ক্ষমতাবলে রেজিস্ট্রার কর্তৃক নিবন্ধনবহি সংশোধন।-*** (১) রেজিস্ট্রার কোন নিবন্ধনবহি সংশোধন আবশ্যক মনে করিলে, তিনি স্বতঃপ্রণোদিতভাবে সংশ্লিষ্ট ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী, অনুমোদিত ব্যবহারকারী এবং স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তিকে লিখিতভাবে উহা সংশোধনের জন্য নোটিশ প্রদান করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশে নিম্নবর্ণিত বিষয় উল্লেখ করিতে হইবে, যথাঃ-

(ক) সংশোধনের কারণ; এবং
(খ) সংশোধন সম্পর্কিত শুনানির তারিখ, যাহা নোটিশ প্রদানের তারিখ হইতে ১ (এক) মাসের কম হইবে না।

(৩) যদি কোন ব্যক্তি উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত তারিখে শুনানিতে উপস্থিত না হন অথবা নির্ধারিত তারিখের পূর্বে শুনানিতে উপস্থিত হইতে না পারিবার যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর কোন আবেদনপত্র দাখিল না করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি শুনানিতে অংশগ্রহণ করিতে ইচ্ছুক নহেন মর্মে গণ্য হইবে এবং রেজিস্ট্রার তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) যদি রেজিস্ট্রার নিবন্ধনবহি সংশোধন করিবার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে তিনি উক্ত সিদ্ধান্তের বিষয়ে সংশ্লিষ্ট পক্ষগণকে লিখিতভাবে অবহিত করিবেন।

***৪২। নিবন্ধনবহিতে ঠিকানা পরিবর্তন।-*** (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী বা অনুমোদিত ব্যবহারকারীর বাংলাদেশে বা, ক্ষেত্রমত, তাহার নিজ দেশে প্রধান বাণিজ্যিক কার্যালয় বা দাপ্তরিক

ঠিকানা পরিবর্তিত হইলে তিনি জিআই ফরম ১০-এ উক্ত পরিবর্তনের বিষয়ে রেজিস্ট্রারকে অবহিত করিবেন এবং নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত পূর্বের ঠিকানার পরিবর্তে পরিবর্তিত ঠিকানা অন্তর্ভুক্ত করিবার অনুরোধ করিতে পারিবেন

(২) উপ-বিধি (১) এর অধীন কৃত অনুরোধের বিষয়ে রেজিস্ট্রার সন্তুষ্ট হইলে, নিবন্ধন বহিতে উক্তরূপ পরিবর্তন করিবেন।

(৩) যদি কোন নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারীর অথবা অনুমোদিত ব্যবহারকারীর ঠিকানা কোন সরকারি কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তন করা হয়, তাহা হইলে উক্ত স্বত্বাধিকারী অথবা অনুমোদিত ব্যবহারকারী সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের নিকট হইতে এতদ্মর্মে একটি সার্টিফিকেট গ্রহণ করিয়া উহা রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবেন এবং রেজিস্ট্রার সন্তুষ্ট হইলে, নিবন্ধনবহিতে উক্তরূপ পরিবর্তন করিবেন।

(৪) যদি কোন নিবন্ধিত স্বত্বাধিকারী কর্তৃক উপ-বিধি (১) বা (২) এর অধীন কোন অনুরোধ করা হয়, তাহা হইলে তিনি অনুমোদিত ব্যবহারকারীগণকে উহার একটি কপি সরবরাহ করিবেন এবং রেজিস্ট্রারকে উক্তরূপ সরবরাহের বিষয়টি অবহিত করিবেন।

(৫) যদি কোন অনুমোদিত ব্যবহারকারী কর্তৃক উপ-বিধি (১) বা (২) এর অধীন কোন অনুরোধ করা হয়, তাহা হইলে তিনি নিবন্ধিত স্বত্বাধিকারী ও অনুমোদিত অন্যান্য ব্যবহারকারীগণকে উহার একটি কপি সরবরাহ করিবেন অথবা সংশ্লিষ্ট এলাকার বহুল প্রচলিত দুইটি সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন এবং রেজিস্ট্রারকে উক্তরূপ সরবরাহের বিষয়টি অবহিত করিবেন।

(৬) যদি নিবন্ধনবহিতে অন্তর্ভুক্ত কোন ব্যক্তি, নিবন্ধিত স্বত্বাধিকারী বা অনুমোদিত ব্যবহারকারী তাহার বাণিজ্যিক কার্যালয় বা দাপ্তরিক ঠিকানা পরিবর্তন করিতে চাহেন, তাহা হইলে তিনি জিআই ফরম ১০-এ আবেদন করিবেন এবং রেজিস্ট্রার উহা পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে, উক্তরূপ পরিবর্তন নিবন্ধনবহিতে অন্তর্ভুক্ত করিতে পারিবেন।

(৭) রেজিস্ট্রার অবস্থার পরিপ্রেক্ষিতে ভিন্নরূপ অনুমোদন না করিলে, এই বিধির অধীন দাখিলকৃত আবেদন সংশ্লিষ্ট ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী বা অনুমোদিত ব্যবহারকারী বা তৎকর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

## অধ্যায় ৬
## *ট্রেডমার্ককে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসাবে নিবন্ধন*

**৪৩। *ট্রেডমার্ককে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসাবে নিবন্ধন প্রত্যাখান বা বাতিলকরণ।-*** (১) আইনের ধারা ২১ এর অধীন রেজিস্ট্রার, স্বতঃপ্রণোদিতভাবে কোন ট্রেডমার্ককে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসাবে নিবন্ধন প্রত্যাখ্যান বা বাতিল করিবার প্রয়োজন মনে করিলে তিনি আবেদনকারী অথবা নিবন্ধিত ট্রেডমার্কের স্বত্বাধিকারীকে উক্তরূপ প্রত্যাখ্যান বা বাতিলের কারণ উল্লেখপূর্বক লিখিত পত্র দ্বারা অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশে রেজিস্ট্রার অন্যূন ১ (এক) মাসের সময় প্রদানপূর্বক বিষয়টি শুনানির দিন ধার্য করিবেন এবং নিবন্ধিত ট্রেডমার্কের স্বত্বাধিকারী বা আবেদনকারীকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদানপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৩) আইনের ধারা ২১ এর উপ-ধারা (১) এর দফা (ক) ও (খ) এর অধীন কোন সংক্ষুব্ধ ব্যক্তি বা স্বার্থসংশ্লিষ্ট কোন পক্ষ কোন ট্রেডমার্কের নিবন্ধন প্রত্যাখ্যান বা বাতিল করিবার জন্য লিখিতভাবে রেজিস্ট্রারের নিকট আবেদন করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন দাখিলকৃত আবেদনের সহিত ট্রেডমার্কটি যে পণ্য বা সেবার ভৌগোলিক নির্দেশক সংবলিত বা সমন্বয়ে গঠিত উহা যে দেশের ভূখন্ড বা উক্ত ভূখন্ডের যে অঞ্চল বা এলাকার জন্য ব্যবহৃত হয়, সেই দেশ বা উহার সেই ভূখণ্ড, অঞ্চল বা এলাকায় উৎপন্ন হয় না তৎমর্মে উপযুক্ত তথ্য-প্রমাণ, এবং এইরূপ পণ্য বা সেবার ট্রেডমার্কে ভৌগোলিক নির্দেশকের ব্যবহার করা হইলে, উক্ত পণ্য বা সেবার প্রকৃত উৎপত্তিস্থল সম্পর্কে জনগণের বিভ্রান্ত হইবার কারণ সম্পর্কিত একটি বিবৃতি দাখিল করিতে হইবে।

(৫) উপ-বিধি (৩) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর রেজিস্ট্রার সংশ্লিষ্ট ট্রেডমার্কের স্বত্বাধিকারীকে উহার একটি কপি প্রেরণপূর্বক উহার উপর শুনানির দিন ধার্য করিবেন এবং উভয়পক্ষকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া বিষয়টি নিষ্পত্তি করিবেন।

**৪৪। *ট্রেডমার্ককে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসাবে নিবন্ধন প্রত্যাখ্যান বা বাতিলকরণের বিজ্ঞপ্তি প্রকাশ।-*** (১) রেজিস্ট্রার কোন ট্রেডমার্ককে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসাবে নিবন্ধন প্রত্যাখ্যান বা বাতিল করিলে, তৎসম্পর্কে সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক উহার কপি সংশ্লিষ্ট পক্ষগণকে প্রেরণ এবং নথিতে সংরক্ষণ করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রকাশিত বিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ করিতে হইবে, যথা:-

(ক) ট্রেডমার্কের বর্ণনা;
(খ) ট্রেডমার্কের আবেদন বা, ক্ষেত্রমত, নিবন্ধন নম্বর;
(গ) ট্রেডমার্কের আবেদনকারী বা, ক্ষেত্রমত, নিবন্ধিত স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা;
(ঘ) নিবন্ধিত ট্রেডমার্কের ক্ষেত্রে আবেদনের তারিখ বা, ক্ষেত্রমত, নিবন্ধনের তারিখ;
(ঙ) পণ্য বা পণ্যশ্রেণির তালিকা যাহা সম্পর্কে ট্রেডমার্কের আবেদন করা হইয়াছিল অথবা নিবন্ধিত হইয়াছিল; এবং
(চ) ট্রেডমার্ক নিবন্ধন প্রত্যাখ্যান বা বাতিলের কারণ সংবলিত সার-সংক্ষেপ।

## অধ্যায় ৭
## ভৌগোলিক নির্দেশক পণ্যের অধিকতর সুরক্ষা

***৪৫। ভৌগোলিক নির্দেশক পণ্যের অধিকতর সরক্ষা প্রাপ্তির আবেদন।***- (১) আইনের ধারা ৬ এর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, ধারা ২১ এর উপ-ধারা (২) এর অধীন নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের অধিকতর সুরক্ষা প্রাপ্তির জন্য নির্দিষ্টকৃত ফি পরিশোধপূর্বক রেজিস্ট্রারের নিকট জিআই ফরম ১৮ এর তিন প্রস্থে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত ভৌগোলিক নির্দেশক পণ্যের অধিকতর সুরক্ষা প্রাপ্তির ধরন ও কারণসহ তিন প্রস্থে একটি বিবরণী সংযুক্ত করিতে হইবে।

(৩) উক্ত আবেদনপত্র সংশ্লিষ্ট ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধিত স্বত্বাধিকারী এবং নিবন্ধনবহিতে লিপিবদ্ধ সকল অনুমোদিত উৎপাদনকারী বা ব্যবহারকারী কর্তৃক যৌথভাবে দাখিল করিতে হইবে।

***৪৬। রেজিস্ট্রার কর্তৃক বিবেচনা।***- বিধি ৪৫ এর অধীন কোন নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের অধিকতর সুরক্ষার আবেদনপত্র প্রাপ্তির পর রেজিস্ট্রার আবেদনকৃত পণ্য অথবা পণ্যের শ্রেণি সুনামের সহিত বৈশ্বিক পরিমণ্ডলে বিশেষ ভৌগোলিক নির্দেশক পণ্য হিসাবে পরিগণিত হইবার মতো বৈশিষ্ট্যমণ্ডিত কিনা এবং উহার দ্বারা আইনের ধারা ২৮ এর উপ-ধারা (১) এর অধীন কোনরূপ লংঘন হইবে কিনা তাহা পরীক্ষা করিবেন।

***৪৭। অধিকতর সুরক্ষা প্রদানের আবেদন মঞ্জুর বা প্রত্যাখ্যানের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি।***- (১) বিধি ৪৫ এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর যদি উক্ত বিষয়ে রেজিস্ট্রারের কোন আপত্তি থাকে অথবা কোন শর্তসাপেক্ষে তিনি উক্ত আবেদন মঞ্জুরের বিষয়ে প্রস্তাব করেন, তাহা হইলে উক্ত আপত্তি অথবা প্রস্তাব সম্পর্কে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং অন্যূন ১ (এক) মাস সময় প্রদানপূর্বক একটি শুনানির দিন ধার্য করিয়া প্রয়োজনীয় কাগজপত্রসহ শুনানিতে অংশগ্রহণের জন্য আবেদনকারীকে নির্দেশ প্রদান করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন শুনানির পর রেজিস্ট্রার যেইরূপ উপযুক্ত মনে করিবেন, সেইরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়া আবেদনকারীকে উহা লিখিতভাবে অবহিত করিবেন।

(৩) আবেদনকারী শুনানিতে অংশগ্রহণ না করিলে, রেজিস্ট্রার যেইরূপ উপযুক্ত মনে করিবেন, সেইরূপ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন, যদি না আবেদনকারী শুনানীতে অংশগ্রহণ না করিবার যুক্তিসঙ্গত কারণ প্রদর্শন করিতে সমর্থ হন।

(৪) আবেদনকারী যদি শুনানিতে অংশগ্রহণ না করিবার যুক্তিসঙ্গত কারণ প্রদর্শন করিতে সমর্থ হন, তাহা হইলে রেজিস্ট্রার শুনানি মুলতবি রাখিয়া শুনানির একটি নূতন তারিখ ধার্য করিতে পারিবেন।

(৫) রেজিস্ট্রারের সিদ্ধান্তের বিষয়ে আবেদনকারী সংক্ষুব্ধ হইলে তিনি রেজিস্ট্রারের নিকট উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন।

***৪৮। নিবন্ধনবহিতে লিপিবদ্ধকরণ।***- (১) রেজিস্ট্রার যদি কোন ভৌগোলিক নির্দেশক পণ্যকে অধিকতর সুরক্ষা প্রদান করিবার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে তিনি উক্তরূপ সিদ্ধান্তের ভিত্তি এবং উক্তরূপ সিদ্ধান্তে উপনীত হইবার কারণ নিবন্ধনবহিতে লিপিবদ্ধ করিবেন।

(২) নিবন্ধনবহিতে অধিকতর সুরক্ষার জন্য আবেদনের তারিখ, নিবন্ধিত স্বত্বাধিকারীর নাম, ব্যবসায়িক ঠিকানা, এলাকা অথবা বাংলাদেশে ব্যবসায়িক কার্যালয় না থাকিলে, যোগাযোগের ঠিকানা ও ভৌগোলিক নির্দেশক পণ্যের শ্রেণি লিপিবদ্ধ করিতে হইবে।

## *অধ্যায় ৭*
## *বিবিধ*

***৪৯। রেজিস্ট্রারকে অনুসন্ধানের অনুরোধ।-*** (১) যে কোন একটি শ্রেণিতে বিন্যাসকৃত কোন নির্দিষ্ট পণ্য, এইরূপ কোন ভৌগোলিক নির্দেশক পণ্য হিসাবে রেকর্ডভুক্ত কিনা যাহা কোন ট্রেডমার্কস এর সদৃশ অথবা অন্য কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের সদৃশ, উহা নিশ্চিতকরণের জন্য যে কোন ব্যক্তি নিদিষ্ট ফি প্রদান করতঃ জিআই ফরম ১৯ এর মাধ্যমে রেজিস্ট্রারের নিকট অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত অনুরোধের প্রেক্ষিতে রেজিস্ট্রার উহা অনুসন্ধান করিয়া উহার ফলাফল আবেদনকারীকে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন অনুসন্ধানের ফলাফল প্রকাশের ৩ (তিন) মাসের মধ্যে ট্রেডমার্কস অথবা ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের উদ্দেশ্যে দাখিলকৃত কোন আবেদনের বিষয়ে যদি সন্দেহের উদ্রেক হয়, এবং রেজিস্ট্রারের নিকট যদি ইহা প্রতীয়মান হয় যে, ট্রেডমার্ক অথবা ভৌগোলিক নির্দেশক পণ্যটি অন্য একটি ভৌগোলিক নির্দেশক পণ্যের সহিত সাদৃশ্যপূর্ণ যাহা অনুসন্ধানকালে প্রকাশিত হয় নাই, কিন্তু অনুসন্ধানের শেষ দিন পর্যন্ত উহা রের্কডভুক্ত ছিল, তাহা হইলে সংশ্লিষ্ট ট্রেডমার্কস অথবা ভৌগোলিক নির্দেশক পণ্যটি নিবন্ধনের আবেদনপত্র প্রত্যাহার করিতে পারিবেন।

***৫০। রেজিস্ট্রারের সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন।-*** (১) রেজিস্ট্রারের সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে অথবা আবেদনকারীর অনুরোধের প্রেক্ষিতে রেজিস্ট্রার সম্মত হইলে অতিরিক্ত অনধিক ১ (এক) মাসের মধ্যে রেজিস্ট্রারের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য জিআই ফরম ১৫ এ পুনর্বিবেচনার কারণ উল্লেখপূর্বক এতদ্‌সংক্রান্ত বিবরণীসহ আবেদন করা যাইবে।

(২) যদি রেজিস্ট্রারের সিদ্ধান্তের সহিত আবেদনকারী ব্যতীত অন্য কোন ব্যক্তির স্বার্থ জড়িত থাকে, তাহা হইলে উক্তরূপ আবেদন ও বিবরণীর তিনটি অনুলিপি দাখিল করিতে হইবে এবং রেজিস্ট্রার অনতিবিলম্বে উক্ত স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিগণকে উক্ত আবেদন ও বিবরণীর অনুলিপি সরবরাহ করিবেন।

(৩) রেজিস্ট্রার, পক্ষগণকে শুনানির সুযোগ প্রদান করিয়া আবেদন মঞ্জুর বা প্রত্যাখ্যান বা শর্তসাপেক্ষে, মঞ্জুর করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, আবেদন মঞ্জুরকালে রেজিস্ট্রার যুক্তিসম্মত শর্ত আরোপ করিতে পারিবেন।

***৫১। নোটিশ জারি, ইত্যাদি।-*** এই বিধিমালার অধীন কোন আবেদনপত্র, এতদ্‌সংক্রান্ত বিষয় বা কার্যক্রমের উপর কোন নোটিশ বা আদেশ বা নিদেশ জারি বা যোগাযোগ ভৌগোলিক নির্দেশক ইউনিট কর্তৃক করিতে হইবে।

***৫২। ফি, ইত্যাদি*** - (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য আবেদনপত্র দাখিল, বিরোধিতা বা নবায়ন, ইত্যাদি বিষয়ে কোন ফি পরিশোধযোগ্য হইলে, উহা তফসিল ১-এ উল্লিখিত পরিমাণ অনুসারে পরিশোধ করিতে হইবে।

(২) যেইক্ষেত্রে এই বিধিমালার অধীন কোন বিষয়ে ফি পরিশোধ বাধ্যতামূলক করা হইয়াছে, সেইক্ষেত্রে উক্ত বিষয় সংশ্লিষ্ট কোন ফরম, অথবা কোন আবেদন অথবা কোন অনুরোধ সংবলিত আবেদনের সহিত উক্ত বিষয়ে জন্য তফসিল ১-এ উল্লিখিত পরিমাণ ফি পরিশোধ করিতে হইবে।

(৩) ফি রেজিস্ট্রার বরাবর বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যেকোন বাণিজ্যিক ব্যাংক হইতে প্রদত্ত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের এর মাধ্যমে অথবা, সরকারের পূর্বানুমোদনক্রমে রেজিস্ট্রার কর্তৃক লিখিত আদেশ দ্বারা জারিকৃত নির্দেশনা অনুসরণপূর্বক, ইলেক্ট্রনিক ট্রান্সমিশনের মাধ্যমে পরিশোধ করা যাইবে।

(৪) যেইক্ষেত্রে দলিল দাখিলের জন্য ফি প্রদেয়, সেইক্ষেত্রে ফি প্রদান ব্যতিরেকে বা অপর্যাপ্ত ফি পরিশোধ করা হইলে, উক্তরূপ দলিলাদি বিধিসম্মতভাবে দাখিল করা হয় নাই বলিয়া গণ্য করা হইবে।

***৫৩। তফসিল ও ফরমসমূহ সংশোধন।-*** (১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে রেজিস্ট্রার, সরকারের পূর্বানুমোদনক্রমে, সময় সময়, যেকোনো তফসিল বা ফরম প্রয়োজনীয় অনুসারে সংশোধন করিতে পারিবেন।

(২) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন বা এতদ্‌সংক্রান্ত বিষয়ে কোন ফরম দাখিল করিতে হইলে, উহার সহিত ফি পরিশোধ করিতে হইবে।

***৫৪। ফরম, দলিলাদির কাগজ, ভাষা ইত্যাদি।-*** (১) ফরম, দলিলের কাগজ এবং দলিলে ব্যবহৃত ভাষা হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) ফরম ও দলিলের কাগজ টেকসই, পাঠযোগ্য এবং স্থায়ী প্রকৃতির ও উন্নত মানের হইতে হইবে; এবং

(খ) ফরম ও দলিলে ব্যবহৃত ভাষা বাংলা অথবা ইংরেজি ভাষায় লিখিত হইতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুসারে কোন ফরম বা দলিল দাখিল করা না হইলে, রেজিস্ট্রার উহা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন এবং তিনি আবেদনকারীকে উহা যথাযথভাবে দাখিল করিবার জন্য নোটিশ প্রদান করিতে পারিবেন।

(৩) যদি ভৌগোলিক নির্দেশক ইউনিটে কোন দলিলের অনুলিপি দাখিল করা হয়, তাহা হইলে উহা আইনজীবী অথবা সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত হইতে হইবে, এবং রেজিস্ট্রার-

(ক) দলিল প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে উহা গ্রহণ করিবার বা না করিবার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন; এবং

(খ) তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাহার নিকট মূল দলিল দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবেন।

(৪) এই বিধিমালার অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, রেজিস্ট্রার, সরকারের অনুমোদনক্রমে, ইলেকট্রনিক পদ্ধতির মাধ্যমে দলিল দাখিলের অনুমতি প্রদান এবং অনুরূপ ক্ষেত্রে পালনীয় শর্তাবলি নির্ধারণ করিতে পারিবেন।

***৫৫। দলিল, ইত্যাদিতে স্বাক্ষর।-*** (১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদনপত্র এবং অন্যান্য দলিল নিম্নবর্ণিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে, যথাঃ-

(ক) ব্যক্তিসংঘ বা উৎপাদনকারী সংগঠনের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি;

(খ) কোন করপোরেট বডি, আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংগঠন বা কর্তৃপক্ষের ক্ষেত্রে, উক্তরূপ বডি বা সংগঠন বা কর্তৃপক্ষের পক্ষে উহার প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা, ক্ষেত্রমত, ব্যবস্থাপনা পরিচালক অথবা সচিব অথবা প্রধান কর্মকতা; বা

(গ) যৌথ অংশীদারিত্বের ক্ষেত্রে, অন্যূন একজন অংশীদার।

(২) উপ-বিধি (১) এর অধীন স্বাক্ষরকারী ব্যক্তি কর্তৃক স্বাক্ষরের নিম্নে-

(ক) তাহার পদবি বা পদমর্যাদা; এবং

(খ) বাংলা বর্ণে অথবা বড় হাতের ইংরেজি বর্ণে, তাহার পূর্ণাঙ্গ নাম; স্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

***৫৬। কাগজপত্র জারি, ইত্যাদি।-*** সকল আবেদনপত্র, বিজ্ঞপ্তি ও প্রতিবেদনের সহিত সংযুক্ত কাগজপত্র ভৌগোলিক নির্দেশক ইউনিটে দাখিল বা, ক্ষেত্রমত, ভৌগোলিক নির্দেশক ইউনিট কর্তৃক জারি বা ছাড় করিতে হইবে।

***৫৭। হলফনামা ও আনুষঙ্গিক বিষয়াদি।-*** (১) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন সম্পর্কিত কোন বিষয়ে আইন বা এই বিধিমালা অনুসারে রেজিস্ট্রারের নিকট দাখিলকৃত হলফনামায় নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ করিতে হইবে, যথা:-

(ক) শিরোনাম হিসাবে প্রাসঙ্গিক বিষয়;

(খ) প্রথম পুরুষে হলফনামার বিবরণ;

(গ) নম্বরযুক্ত অনুচ্ছেদ, যাহার পত্যেকটি অনুচ্ছেদ যথাসম্ভব শুধু একটি বিষয়ে সীমাবদ্ধ থাকিবে;

(ঘ) সাক্ষীগণের নাম এবং তাহাদের প্রকৃত আবাসস্থল; এবং

(ঙ) হলফনামা দাখিলকারীর নাম ও ঠিকানাসহ যে ব্যক্তির পক্ষে উহা দাখিল করা হইয়াছে তাহার নাম।

(২) দুই বা ততোধিক ব্যক্তি যৌথভাবে হলফনামা সম্পাদন করিলে, তাহাদের প্রত্যেকের নাম-ঠিকানা পৃথক অনুচ্ছেদে বর্ণনা করিতে হইবে।

(৩) হলফনামা সম্পাদিত হইবে-

(ক) বাংলাদেশের ক্ষেত্রে, কোন উপযুক্ত আদালতে অথবা আইন দ্বারা স্বীকৃত সাক্ষ্য গহণের উপযুক্ত কোন ব্যক্তির নিকট অথবা এমন কর্মকর্তার নিকট যাহাকে আদালত কর্তৃক শপথ অনুষ্ঠানের ও হলফনামা গহণের কর্তৃত্ব প্রদান করা হইয়াছে তাহার;

(খ) বাংলাদেশের বাহিরে যেকোন রাষ্ট্রে বা স্থানে Diplomatic and Consular Officers (Oaths and Fees) Act, 1948 (Act No. XXI of 1948) অনুসারে উক্ত রাষ্ট্রের বা স্থানের কূটনৈতিক বা কনস্যুলার কর্মকর্তার নিকট অথবা

নোটারি পাবলিকের নিকট অথবা উক্ত রাষ্ট্রের বা স্থানের কোন বিচারক বা ম্যাজিস্ট্রেটের নিকট সম্পাদিত হইবে।

(৪) যে ব্যক্তির সম্মুখে হলফনামা সম্পাদন করা হইবে, তিনি তাহার নাম ও পদবিসহ উক্ত হলফনামা কোন্ তারিখে এবং কোন্ স্থানে সম্পাদন করা হইয়াছিল তাহা উল্লেখ করিয়া উহাতে তাহার সিলমোহর, যদি থাকে, অথবা তিনি যে আদালতের সহিত সংযুক্ত সেই আদালতের সীলমোহর প্রদান করিবেন।

(৫) উপ-বিধি (৩) এ বর্ণিত হলফনামা গ্রহণের ক্ষমতাসম্পন্ন কোন ব্যক্তির সিলমোহর বা স্বাক্ষরযুক্ত বা ছাপাঙ্কিত কোন হলফনামা তাহার নিকট সম্পাদিত করা হইয়াছে মর্মে সত্যায়ন ব্যতিরেকেই রেজিস্ট্রারের নিকট দাখিল করা যাইবে।

(৬) হলফনামা সত্যায়নের পূর্বে হলফনামায় কোনরূপ পরিবর্তন বা পরিবর্ধন করা হইলে, যাহার সম্মুখে হলফনামা সম্পাদন করা হইয়াছে তাহার স্বাক্ষর দ্বারা উহা সত্যায়ন করিতে হইবে।

(৭) হলফকারী নিরক্ষর, অন্ধ হইলে বা যে ভাষায় হলফনামা সম্পাদন করা হইয়াছে উহা তাহার জানা না থাকিলে হলফনামা গ্রহণকারী ব্যক্তি হলফনামার সহিত এই মর্মে একটি সনদ প্রদান করিবেন যে, হলফকারীকে তাহার সম্মুখে হলফনামা পড়িয়া, অনুবাদ করিয়া বুঝাইয়া দেওয়া হইয়াছে এবং তিনি তাহা বুঝিয়াছেন।

(৮) আইন বা এই বিধিমালার অধীন কোন বিষয়ে রেজিস্ট্রারের নিকট দাখিলকৃত হলফনামা দেশের প্রচলিত আইনানুযায়ী স্ট্যাম্পযুক্ত হইতে হইবে।

***৫৮। দলিলাদির পরিদর্শন।-*** (১) ভৌগোলিক নির্দেশক ইউনিটে ভৌগোলিক নির্দেশক পণ্য সম্পর্কিত দলিলাদি, নিবন্ধনবহি এবং সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বিজ্ঞাপিত সকল প্রকার পূর্বাপর তথ্য, উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, সকল কার্যদিবসে অফিস চলাকালীন জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।

(২) কোন ব্যক্তি জিআই ফরম ১৭-এ আবেদনপূর্বক, ফি পরিশোধ সাপেক্ষে, সকল কার্যদিবসে অফিস চলাকালীন নিবন্ধনবহি বা অন্য কোন দলিল যাচাই, পরিদর্শন বা উহার অনুলিপি সংগ্রহ করিতে পারিবেন।

***৫৯। দলিলাদির অনুলিপি সরবরাহ।-*** রেজিস্ট্রার, ভৌগোলিক নির্দেশক পণ্য সম্পর্কিত কোন দলিলের অনুলিপি জিআই ফরম ১৭-এ আবেদনের প্রেক্ষিতে, ফি পরিশোধ সাপেক্ষে, সময় সময়, গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে নির্দিষ্টকৃত স্থানসমূহে সরবরাহ করিতে পারিবেন।

***৬০। আপিলের ফরম, পদ্ধতি ইত্যাদি।-*** (১) কোন ব্যক্তি আইন বা এই বিধিমালার অধীন রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত কোন আদেশ বা সিদ্ধান্ত দ্বারা সংক্ষুব্ধ হইলে, ফি পরিশোধপূর্বক জিআই ফরম ২০-এ, উক্ত সিদ্ধান্তের ২ (দুই) মাসের মধ্যে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়েরকৃত আপিল আবেদনের সহিত সংক্ষুব্ধ হইবার আদেশ বা সিদ্ধান্তের কপিসহ প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

(৩) আপিলকারী কর্তৃক আপিল আবেদনের একটি অনুলিপি রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিতে হইবে।

***৬১। পেশকৃত দলিলাদির প্রত্যার্পণ।-*** (১) আইন বা এই বিধিমালার অধীন কোন মামলা বা কার্যক্রমে পেশকৃত দলিলাদি ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের ক্ষেত্রে অপ্রয়োজনীয় হইয়া পড়িলে, রেজিস্ট্রার সংশ্লিষ্ট

পক্ষকে তৎকর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে উহা ফেরত লইবার জন্য নোটিশ প্রদান করিতে পারিবেন, এবং যদি সংশ্লিষ্ট ব্যক্তি বা পক্ষ নোটিশ অনুসারে উক্ত দলিল ফেরত গ্রহণ না করেন, তাহা হইলে রেজিস্ট্রার উক্ত দলিলের বিষয়ে উপ-বিধি (২) অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রদানের পর ৬ (ছয়) মাস অতিক্রান্ত হইবার পর, সংশ্লিষ্ট মামলা বা কার্যক্রমে পেশকৃত দলিলাদি সংরক্ষণের প্রয়োজন নাই মর্মে বিবেচিত হইলে, রেজিস্ট্রার উহা বিনষ্ট করিতে পারিবেন।

**৬২। *দলিলাদি বিনষ্টকরণ*।-** কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য কৃত আবেদন প্রত্যাহার, পরিত্যক্ত বা প্রত্যাখ্যাত হইলে, অথবা কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বত্বাধিকারী বা উহার অনুমোদিত ব্যবহারকারীর নাম নিবন্ধনবহি হইতে অপসারিত হইলে, উক্তরূপ প্রত্যাহার, পরিত্যাগ, প্রত্যাখ্যান বা অপসারণের ৩ (তিন) বৎসর অতিক্রান্ত হইবার পর, রেজিস্ট্রার, ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন বা অনুমোদিত ব্যবহারকারীর আবেদন সংক্রান্ত সকল তথ্য সম্পূর্ণ বা আংশিকভাবে বিনষ্ট করিতে পারিবেন।